গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জনসংখ্যা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mefwd.gov.bd

**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের 'আইইসি টেকনিক্যাল কমিটি'-এর সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ডা. আশরাফী আহমদ, এনডিসি<br>অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) ও সভাপতি, আইইসি টেকনিক্যাল কমিটি<br>স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ |
| তারিখ ও সময় | : | ২৭.০৩.২০২৩, দুপুর ২:০০টা |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, আইইএম ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর (৭ম তলা), ৬, কাওরান বাজার, ঢাকা |

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আইইসি টেকনিক্যাল কমিটির সদস্য-সচিব-কে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য অনুরোধ জানান।

২. **আলোচনা:**

২.১ সভাপতির আহ্বানের পরিপ্রেক্ষিতে কমিটির সদস্য-সচিব ও উপসচিব (জনসংখ্যা-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ সভায় নিম্নরূপ আলোচ্য বিষয় উপস্থাপন করেন:

আলোচ্য বিষয়:

Pathfinder International-এর USAID Shukhi Jibon প্রকল্প কর্তৃক উপস্থাপিত 'E-Training course on Gender Integration In Family Planning Services (GIFPS)' বিষয়ক ৮ থেকে ১৫নং ভিডিও অনুমোদন।

২.২ Pathfinder International-এর USAID Shukhi Jibon প্রকল্প কর্তৃক উপস্থাপিত 'E-Training course on Gender Integration In Family Planning Services (GIFPS)' বিষয়ক ৮ থেকে ১৫নং ভিডিও সভায় প্রদর্শন করা হয়। ভিডিওগুলো প্রদর্শনের পর আলোচনায় অংশ নিয়ে উপস্থিত সদস্যগণ মতামত/ পরার্মশ প্রদান করেন।

৩. ***সিদ্ধান্ত:***

সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.১ Pathfinder International-এর USAID Shukhi Jibon প্রকল্প কর্তৃক উপস্থাপিত 'E-Training course on Gender Integration In Family Planning Services (GIFPS)' বিষয়ক ৮ থেকে ১৫নং ভিডিও নিম্নবর্ণিত সংশোধন/পরিবর্তন সাপেক্ষে অনুমোদন করা হলো:

১। **E-Training course on Gender Integration In Family Planning Services (GIFPS) বিষয়ক ৮ থেকে ১৫নং ভিডিও**

**ভিডিও-৮:**

(ক) বিশেষজ্ঞের বক্তব্য বেশি হয়েছে তা কমাতে হবে।

**ভিডিও-৯:**

(ক) বিশেষজ্ঞের নাম ঠিক করতে হবে এবং বিশেষজ্ঞের দ্বিতীয় বক্তব্যে "সেবাপ্রদানকারী আপনার কাছে এলে" কথাটির পরিবর্তে "সেবাগ্রহণকারী আপনার কাছে এলে" কথাটি প্রতিস্থাপিত হবে।

(খ) সেবাপ্রদানকারী আয়শার শেষ বক্তব্যে "...আপনিতো বাচ্চার বাবাকে না জানিয়ে কোনো পদ্ধতি ব্যবহার করতেই পারেন বা আমরাও দিতে পারি। আপনার নিরাপত্তা যাতে নিশ্চিত হয় সে ব্যাপারে আপনাকে সাহায্য করাই সেবাপ্রদানকারী হিসাবে আমাদের কাজ.." কথাটির পরিবর্তে "...আপনিতো বাচ্চার বাবাকে না জানিয়ে কোনো পদ্ধতি ব্যবহার করতেই পারেন বা আমরাও দিতে পারি কিন্তু আপনার নিরাপত্তা যাতে নিশ্চিত হয় সে ব্যাপারে আপনাকে সাহায্য করাই সেবাপ্রদানকারী হিসাবে আমাদের কাজ...." কথাটি প্রতিস্থাপিত হবে।

(গ) বিশেষজ্ঞের শেষ বক্তব্যে ৫নং বুলেট পয়েন্টে "অনিচ্ছা সত্ত্বেও শারীরিক সম্পর্ক করতে বাধ্য করে কিনা" কথাটির পরিবর্তে "অসুস্থতা সত্ত্বেও শারীরিক সম্পর্ক করতে বাধ্য করে কিনা" কথাটি প্রতিস্থাপিত হবে।

**ভিডিও-১০:**

(ক) বিশেষজ্ঞের নাম ও পদবী ঠিক করতে হবে।

(খ) পরিবার পরিকল্পনা পদ্ধতির কোনগুলো স্থায়ী পদ্ধতি এবং কোনগুলো অস্থায়ী পদ্ধতি তা আলাদাভাবে দেখাতে হবে এবং "পুরুষদের জন্য ভ্যাসেকটমি" কথাটির পরিবর্তে "পুরুষদের জন্য এনএসভি" কথটি প্রতিস্থাপিত হবে।

(গ) সেবাগ্রহণকারী সুমাইয়ার বক্তব্যে "আমাকে আইইউডি সম্পর্কে জেনেছি" কথাটির পরিবর্তে "আমি আইইউডি সম্পর্কে জেনেছি" কথাটি প্রতিস্থাপিত হবে।

ভিডিও-১১:

(ক) সহিংসতার শিকার হয়েছে এমন সেবাগ্রহীতার কথোপকথন দিয়ে অ্যানিমেশন যোগ করতে হবে এবং এ বিষয়ক কলসেন্টারগুলোর নম্বর দিতে হবে।

ভিডিও-১২:

(ক) বিশেষজ্ঞ কোন প্রতিষ্ঠানে কর্মরত তা উল্লেখ করতে হবে।

(খ) সেবাপ্রদানকারীর বক্তব্যে "...২০ বছরের আগে কিংবা ৩০ বছরের পরে সন্তান নিলে আপনার নিজের এবং সন্তানের ক্ষতি হতে পারে..." কথাটির পরিবর্তে "...২০ বছরের আগে কিংবা ৩৫ বছরের পরে সন্তান নিলে আপনার নিজের এবং সন্তানের ক্ষতি হতে পারে..." কথাটি প্রতিস্থাপিত হবে।

ভিডিও-১৩:

(ক) এই ভিডিওটি কোনো সংশোধন ছাড়াই অনুমোদিত হলো।

ভিডিও-১৪:

(ক) বিশেষজ্ঞের কথার সাথে কোথাও কোথাও লেখার মিল নেই তা ঠিক করতে হবে এবং লেখা কমাতে হবে।

ভিডিও-১৫:

(ক) সেবাপ্রদানকারী রাজ্জাকের কথা আরো একটু জোরে ও স্পষ্ট করে বলতে হবে এবং 'জেন্ডার বৈষম্য সমাজে সহিংসতা বাড়ায়'এ কথাটি ভিডিওতে আনতে হবে।

অন্যান্য

(ক) উপরোক্ত সকল ভিডিওতে শব্দ ও বাক্যের বানান শুদ্ধ করে লিখতে হবে।

৩.২ কাউকে ব্যঙ্গ বা হেয়প্রতিপন্ন করা হয় এমন সকল ধর্মীয়, রাজনৈতিক, সামাজিক ও আঞ্চলিক ভাষা স্ক্রিপ্টে কোনোভাবেই উপস্থাপিত না হয় সে বিষয়টি লক্ষ্য রাখতে হবে।

৪. সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/৩/২৩

(ডা. আশরাফী আহমদ, এনডিসি)
অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) ও
সভাপতি, আইইসি টেকনিক্যাল কমিটি
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্মারক নম্বর ৫৯.০০.০০০০.১১৪.০৬.০০১.২২-৬৮৫(১২)

তারিখ: ১৬ চৈত্র ১৪২৯ / ৩০ মার্চ ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

১. পরিচালক (আইইএম ইউনিট), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (সদস্যদের অবহিত করার অনুরোধসহ)
২. পরিচালক (পিএইচসি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩. পরিচালক (কোর্স কারিকুলাম), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৪. পরিচালক (জনসংখ্যা কার্যক্রম), বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা
৫. পরিচালক (পপুলেশন সেল), বাংলাদেশ বেতার, শেরে-বাংলা নগর, ঢাকা
৬. এডিটর কাম ট্রান্সলেটর, আইইএম ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা
৭. উপ-প্রধান, স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৮. Dr. Sharmin Sultana,Tecnical Director and Family Planning Specialist, Pathfinder International, USAID Shukhi Jibon, Shezad Palace, 5th Floor, 32 Gulshan Avenue North C/A Gulshan-2, Dhaka-1212.
৯. ব্যবস্থাপক, 'সংযোগ' প্রকল্প, সেভ দ্য চিলড্রেন, কান্ট্রি অফিস, ঢাকা, বাংলাদেশ
১০. অতিরিক্ত সচিব (জনসংখ্যা, প. ক. ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা
১১. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
১২. অফিস কপি

৩০/০৩/২০২৩

(এস, এম, আহসানুল আজিজ)
উপসচিব (জনসংখ্যা-১) ও
সদস্য-সচিব, আইইসি টেকনিক্যাল কমিটি
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
ফোন: ৫৫১০০৭৯১
ইমেইল: population1@mefwd.gov.bd